# তথ্য কমিশন বাংলাদেশ

**এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭**

## কমিশন সভার কার্যবিবরণী:

**সভাপতি** : **ডক্টর আবদুল মালেক**
প্রধান তথ্য কমিশনার

**সভার তারিখ** : ২৭/০৩/২০২৪ **সময়:** বেলা ১১.০০টা

**স্থান** : কমিশনের সভাকক্ষ। **উপস্থিতি:** পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় তথ্য কমিশনার জনাব শহীদুল আলম ঝিনুক ও তথ্য কমিশনার জনাব মাসুদা ভাট্টি এবং সচিবসহ কমিশনের অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন। সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য সচিব, তথ্য কমিশন বাংলাদেশ কে আহবান জানান। সচিব, তথ্য কমিশন বাংলাদেশ পর্যায়ক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়সমূহ উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়সমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (Strategic Plan) প্রণয়ন | তথ্য অধিকার বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ ও তথ্য কমিশন বাংলাদেশ কর্তৃক যৌথভাবে প্রকাশিত 'Connecting Government to Citizens' শীর্ষক প্রকাশনায় **RTI Strategic Plan 2015-2021 প্রণয়ন করা হয়েছিলো**। বর্তমানে তথ্য অধিকার আইন বাস্তবায়ন কৌশলপত্র ২০২৪-২০৩০ (Strategic Plan) প্রণয়ন করা প্রয়োজন। তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নের বিষয়ে সভায় উপস্থিত বেসরকারি সংস্থা এমআরডিআই এর নির্বাহী পরিচালক জনাব হাসিবুর রহমান কে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। নির্বাহী পরিচালক, এমআরডিআই কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নের বিষয়ে একটি Methodology প্রস্তাবনা উপস্থাপন করেন। উক্ত উপস্থাপনার শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণের বিষয়ে কমিশন একমত পোষণ করেন:<br><br>০১। তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নে বেসরকারী সংস্থা এমআরডিআই তথ্য কমিশন বাংলাদেশকে কারিগরী সহযোগিতা প্রদান করবে।<br>০২। এ কৌশলপত্র প্রনয়ণে তথ্য কমিশনের বিগত বছরগুলোর কার্যক্রম এবং পূর্বতন কৌশলপত্র (২০১৫-২০২১) বিবেচনায় রেখে এমএরডিআই একটি আউটলাইন প্রস্তুত করবে এবং কমিশনের অনুমোদন গ্রহণ করবে।<br>০৩। কৌশলপত্রের শেষ পাতায় বিভিন্ন সহযোগী সংস্থাকে কৃতজ্ঞতা জানানো হবে।<br>০৪। RTI Strategic Plan প্রণয়নে কমিশন কর্তৃক গঠিত সুপারিশ প্রনয়ণ কমিটির সুপারিশসমূহ বিবেচনায় রাখতে হবে।<br>০৫। কৌশলপত্রটি সংশোধনযোগ্য হিসেবে প্রণয়ন করতে হবে। | তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নের বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো:<br><br>০১। তথ্য অধিকার আইন বাস্তবায়নে কৌশলপত্র ২০২৪-২০৩০ (RTI Strategic Plan) প্রণয়নে বেসরকারী সংস্থা এমআরডিআই তথ্য কমিশন বাংলাদেশকে কারিগরী সহযোগিতা প্রদান করবে।<br>০২। এ কৌশলপত্র প্রনয়ণে তথ্য কমিশনের বিগত বছরগুলোর কার্যক্রম এবং পূর্বতন কৌশলপত্র (২০১৫-২০২১) বিবেচনায় রেখে এমএরডিআই একটি আউটলাইন প্রস্তুত করবে এবং কমিশনের অনুমোদন গ্রহণ করবে।<br>০৩। কৌশলপত্রের শেষ পাতায় বিভিন্ন সহযোগী সংস্থাকে কৃতজ্ঞতা জানানো হবে।<br>০৪। RTI Strategic Plan প্রণয়নে কমিশন কর্তৃক গঠিত সুপারিশ প্রনয়ণ কমিটির সুপারিশসমূহ বিবেচনায় রাখতে হবে।<br>০৫। কৌশলপত্রটি সংশোধনযোগ্য হিসেবে প্রণয়ন করতে হবে। | পরিচালক (গ.প্র.প্র.)<br><br>উপপরিচালক (গ.প্র.প্র.)<br><br>গবেষণা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | তথ্য কমিশন বাংলাদেশ এর দুইজন সহকারী পরিচালক এর উচ্চতর গ্রেড প্রদান | **জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ এর (১) নং অনুচ্ছেদ** অনুযায়ী "কোন স্থায়ী কর্মচারি পদোন্নতি ব্যতিরেকে একই পদে **১০ (দশ) বৎসর পূর্তিতে** এবং **চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে,** স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে পরবর্তী **উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন"** মর্মে উল্লেখ রয়েছে। **তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি বিধিমালা, ২০১১ এর বিধি ১০ এ বলা হয়েছে- "সরকার বিভিন্ন সময়ে যেরুপ নির্ধারণ করিবে কর্মচারীদের বেতন ও ভাতা সেইরুপ হইবে"।**<br>তথ্য কমিশন বাংলাদেশ এ রাজস্বখাতে নিয়োগপ্রাপ্ত কর্মরত ০২ জন সহকারী পরিচালক **জনাব মো: সালাহ উদ্দিন এবং জনাব হেলাল আহমেদ (গ্রেড-৯ম)** এর যোগদানের তারিখ থেকে একই পদে ও গ্রেডে চাকরিকাল ১০ বছর অতিক্রম করেছেন এবং কোন পদোন্নতি পাননি।<br>তাদের উচ্চতর গ্রেড প্রদানের নিমিত্ত চাকরি বৃত্তান্ত পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন দাখিল বিষয়ক ০৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদন অনুযায়ী- তাদের এসিআর এ কোন বিরূপ মন্তব্য নাই এবং তাদের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা নাই।<br><br>এছাড়া, কমিশন উচ্চতর গ্রেড প্রার্থী জনাব মো: সালাহ উদ্দিন এবং জনাব হেলাল আহমেদ (গ্রেড-৯ম) এর নিয়োগ আদেশ, যোগদান, পুলিশ ভেরিফিকেশন, চাকরি স্থায়ীকরণ আদেশ, এসিআর/বিভাগীয় মামলাসহ অন্যান্য বিষয়াদি যথাযথভাবে পরীক্ষা নীরিক্ষা করে সঠিক আছে মর্মে কমিশন একমত পোষণ করেন।<br><br>জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ এর (১) নং অনুচ্ছেদ অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর ০২জন সহকারী পরিচালক জনাব মো: সালাহ উদ্দিন এবং জনাব হেলাল আহমেদ কে ৯ম গ্রেড থেকে ৮ম গ্রেডে দশ বছর পূর্তির পরবর্তী তারিখ থেকে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে কমিশন একমত পোষণ করে। | জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ এর (১) নং অনুচ্ছেদ অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর ০২জন সহকারী পরিচালক জনাব মো: সালাহ উদ্দিন এবং জনাব হেলাল আহমেদ কে ৯ম গ্রেড থেকে ৮ম গ্রেডে দশ বছর পূর্তির পরবর্তী তারিখ থেকে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)<br><br>সহকারী পরিচালক (প্রশাসন) |
| ০৩ | তথ্য কমিশন বাংলাদেশ এর হিসাবরক্ষক এবং ডেসপাস রাইডার পদের বেতন স্কেল সংশোধন বিষয়ে গত ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১.০০০০. ৫০১.০২.০০১.০৯ -৫৫৯ নং স্মারক এর বিরুদ্ধে দাখিলকৃত রীট পিটিশন নং- | বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ নং ১০২(২)(a)(i) & (ii) অনুযায়ী তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১.০০০০.৫০১.০২. ০০১.০৯-৫৫৯ নং স্মারকে প্রদত্ত আদেশের বিরুদ্ধে জনাব মো: কহিনুর ইসলাম, পিতা মো: হাশেম আলী, গ্রাম-বকজুড়ি, পোষ্ট- জরিনা কলেজ-১৮০০, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ এবং হিসাবরক্ষক, তথ্য কমিশন বাংলাদেশ এবং অন্যান্য কর্তৃক মহামান্য হাইকোর্টের মাধ্যমে রীট পিটিশন নং ৫৮৭/২০২৪ দাখিল করা হয়েছে। এ বিষয়ে মহামান্য হাইকোর্ট কর্তৃক রূল নিশি জারী করা হয়েছে।<br><br>রীট পিটিশনের বর্ণনা মোতাবেক তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী পিটিশনারগণের বেতন স্কেল যোগদানের তারিখ ০৪/১২/২০১১ ও ০৮/১২/২০১১ থেকে ৬৪০০-১৪২৫৫/- এবং ৪৫০০-৯১৫৫/- (১১ ও ১৭ নং স্কেল) এর পরিবর্তে নভেম্বর/২০২৩ থেকে ৫৫০০ -১২০৯৫/- এবং ৪৪০০- ৮৫৮০/- (১৩ ও ১৮ নং স্কেল) নির্ধারণ করা হয় এবং তাদের অতিরিক্ত গৃহীত অর্থ যোগদানের তারিখ ০৪/১২/২০১১ ও ০৮/১২/২০১১ থেকে অক্টেবর/২০২৩ পর্যন্ত সরকারি কোষাগারে ফেরত দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যা আইনসম্মত হয়নি। এছাড়া, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ৭(১) অনুযায়ী এবং তথ্য কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি বিধিমালা, ২০১১ অনুযায়ী | ক) মহামান্য হাইকোর্টে দাখিলকৃত রীট পিটিশন নং-৫৮৭/২০২৪ এর আদেশের (Stay Order) বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে আগামী ৩১-০৩-২০২৪ তারিখের মধ্যে লিভ টু আপীল দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) এছাড়া লিভ টু আপিল করার জন্য অ্যাডভোকেট সাহেবকে মামলা পরিচালনার পারিশ্রমিক দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন)<br><br>উপপরিচালক (প্রশাসন)<br><br>সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | ৫৮৭/২০২৪ এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ | পিটিশনারগণ উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন মর্মে উল্লেখ করা হয়েছে। বিধায়, **বর্ণিত বিষয়ে ০৪ সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য বলা হয়েছে এবং ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১.০০০০.৫০১.০২. ০০১.০৯-৫৫৯ নং স্মারকে প্রদত্ত আদেশটি ০৬ মাসের জন্য স্থগিত রাখার বিষয়ে নির্দেশ প্রদান করা হয়।**<br><br>উক্ত রীট পিটিশনের বিষয়ে গত ২৪/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত কমিশন সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: "তথ্য কমিশন বাংলাদেশ এর ৫/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত কমিশন সভার সিদ্ধান্ত অনুযায়ী জারীকৃত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের ১৫.৫১.০০০০.৫০১. ০২.০০১.০৯-৫৫৯ নং স্মারকে প্রদত্ত আদেশের বিরুদ্ধে দাখিলকৃত রীট পিটিশন নং ৫৮৭/২০২৪ এর বিষয়ে বিজ্ঞ আইনজীবী এডভোকেট জনাব মো: ফারুক হোসেন এর সাথে আগামী ২৭/০৩/২০২৪ তারিখ আইনগত পরামর্শ গ্রহণ শেষে সিদ্ধান্ত নেয়া হবে"।<br><br>উক্ত সিদ্ধান্তমতে ২৭/০৩/২০২৪ তারিখ আইনজীবীর আইনগত পরামর্শ গ্রহণ করা হয়। মহামান্য হাইকোর্টের আদেশনামাটি পাওয়া যায়নি তবে রীট পিটিশনারগণের দাখিলকৃত আবেদনের মাধ্যমে রীট পিটিশনের সার্টিফাইড কপি পাওয়া গিয়েছে। রীট পিটিশনে মহামান্য হাইকোর্ট পূর্বের উত্তোলিত হারে রীট পিটিশনারগণকে বেতন ভাতাদি দেয়ার জন্য আদেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্টে দাখিলকৃত রীট পিটিশন নং-৫৮৭/২০২৪ এর আদেশের (Stay Order) বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপীল বিভাগে আগামী ৩১-০৩-২০২৪ তারিখের মধ্যে লিভ টু আপীল দায়ের করা সমীচীন হবে মর্মে কমিশন একমত পোষন করেন। এছাড়া লিভ টু আপিল করার জন্য অ্যাডভোকেট সাহেবকে মামলা পরিচালনার পারিশ্রমিক দেওয়ার বিষয়েও আলোচনা হয়। | | |

০২। অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
**(ডক্টর আবদুল মালেক)**
প্রধান তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৫০১.১৭.০০৯.২৪.৭৬১ তারিখ: ২৭/০৩/২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
২) পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৩) প্রধান তথ্য কমিশনারের একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
৪) তথ্য কমিশনার এর একান্ত সচিব, তথ্য কমিশন বাংলাদেশ।
৫) সহকারী পরিচালক (সকল), তথ্য কমিশন বাংলাদেশ।
৫) গবেষণা কর্মকর্তা/ জনসংযোগ কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার তথ্য কমিশন বাংলাদেশ।
৬) অফিস কপি।

২৭/০৩/২০২৪
(সোহানা নাসরিন)
উপপরিচালক (প্রশাসন)
তথ্য কমিশন বাংলাদেশ